

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৯

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ একজন ব্যক্তি উল্লেখিত দুই শাহাদাহ স্বীকার করে তার জান-মাল নিরাপদ করতে পারে, যখন সে অন্যান্য ফর্যসমূহ প্রতিষ্ঠা করার মাধ্যমে দুই শাহাদাহকে প্রতিষ্ঠিত করবে

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ إِنَّمَا يُحْقَنُ دَمُهُ وَمَالُهُ بِالْإِقْرَارِ بِالشَّهَادَتَيْنِ اللَّتَيْنِ وَصَفْنَاهُمَا إِذَا أَقَرَّ بِهِمَا بِإِقَامَةِ الْفَرَائِض

## আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُحَمَّدِ بْنِ عَرْعَرَةَ حَدَّثَنَا صَوْلُ اللَّهِ صَلَّى عُمَارَةَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ وَاقِدِ بْنِ مُحَمَّدٍ عَنْ أَبِيهِ عَنِ بْنَ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "أُمِرْتُ أَنْ أُقَاتِلَ النَّاسَ حَتَّى يَشْهَدُوا أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنِي رَسُولُ اللَّهِ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُوثُوا الزَّكَاةَ فَإِذَا فَعَلُوا ذَلِكَ عَصَمُوا مِنِّي دِمَاءَهُمْ وَأُمْوَالَهُمْ إِلَّا بحق الإسلام وحسابهم على الله.

الراوي: عبد الله بن عمر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 219 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

২১৯. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাভ্ আনভ্মা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আমি আদিষ্ট হয়েছি মানুষের সাথে সংগ্রাম করতে, যতক্ষণ না তারা এই সাক্ষ্য দেয় যে, 'আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই। এবং নিশ্চয়ই আমি আল্লাহর রাসূল এবং সালাত প্রতিষ্ঠা করে ও যাকাত প্রদান করে। যখন তারা এমনটা করবে, তখন তারা আমার থেকে তাদের রক্ত ও সম্পদ নিরাপদ করে নিবে। তবে ইসলামের হক ব্যতীত। আর তাদের হিসাব আল্লাহর উপর বর্তাবে।"[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২২; দারাকুতনী: ১/২৩২; বাইহাকী: ৩/৩৬৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৪০৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন